তারিখ ... 9 AUG 2017 ...
পৃষ্ঠা ...৫... কলাম ...৪...

সমকাল

# ১০ শিক্ষার্থীকে মারধরের প্রতিবাদে সড়ক অবরোধ

■ মধুপুর (টাঙ্গাইল) প্রতিনিধি

টাঙ্গাইলের মধুপুর উপজেলার গেলাবাড়ী ইউনিয়নের বেলুটিয়া উচ্চ বিদ্যালয়ের ছাত্রীদের উত্ত্যক্তের প্রতিবাদ করায় ১০ শিক্ষার্থীকে পিটিয়ে আহত করা হয়েছে। তাদের মধ্যে গুরুতর আহত হয়ে ময়মনসিংহ হাসপাতালের বেডে কাতরাচ্ছে শাহাদত হোসেন শান্ত নামের দশম শ্রেণির এক শিক্ষার্থী। এ ঘটনার প্রতিবাদ ও বিচার দাবিতে গতকাল মঙ্গলবার ওই বিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে বিদ্যালয়ে তালা ঝুলিয়ে ধনবাড়ী-গোপালপুর সড়ক তিন ঘণ্টা অবরোধ করে রাখে। এতে সড়কের দুই পাশে শত শত যানবাহন আটকা পড়ে।

মধুপুর

উত্ত্যক্তের শিকার শিক্ষার্থীসহ এলাকাবাসী জানান, উপজেলার গেলাবাড়ী ইউনিয়নের বেলুটিয়া উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির দুই ও নবম শ্রেণির এক ছাত্রীকে বিদ্যালয়ে আসা-যাওয়ার পথে প্রতিদিন উত্ত্যক্ত করত ওই এলাকার নজরুল ইসলামের ছেলে রবিউল ইসলাম। বিষয়টি সহপাঠীদের নজরে এলে বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থীরা প্রতিবাদ করে। এতে ক্ষিপ্ত হয়ে রবিউল সোমবার বিদ্যালয় চলাকালীন মাঠে মোটরসাইকেল চালাতে থাকে। এতে শিক্ষক-শিক্ষার্থীরা বাধা দিতে গেলে বাকবিতণ্ডা হয়। এতে আরও ক্ষিপ্ত হয়ে রবিউল ফিরে গিয়ে একটু পরই সহযোগী মেহেদী হাসান, সোহেল ওরফে চয়ন ও আল আমিনকে নিয়ে বিদ্যালয় ক্যাম্পাসে প্রবেশ করে শিক্ষার্থীদের ওপর অতর্কিতে হামলা চালায়। কিছু বুঝে ওঠার আগেই তারা এলোপাতাড়ি শিক্ষার্থীদের পিটাতে থাকে। দশম শ্রেণির শাহাদত হোসেন শান্ত নামের এক শিক্ষার্থীকে বেধড়ক মারধর করে তারা। হামলায় আহত হয় শান্ত, মনির, রিফাত, সোলায়মান, মামুনসহ ১০ শিক্ষার্থী।

বাধা দিতে যাওয়ায় প্রধান শিক্ষক এরশাদ আলী, সহকারী শিক্ষক ইব্রাহিম খলিল, রায়হানা আক্তারসহ শিক্ষকদের নাজেহাল করা হয়।

পরিচালকের কার্যালয়
নথি নং............
তারিখ............
পরিসংখ্যান বিভাগ
এম.আই.এস বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রোগ্রামার কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর